



বাংলা একাডেমি

বাংলা একাডেমি গবেষণা-বৃত্তির জন্য প্রস্তাব আহ্বান

বাংলা একাডেমি বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে গবেষণা প্রস্তাব আহ্বান করছে।

ক) গবেষণা-প্রবন্ধ

গবেষণা-প্রবন্ধ রচনার জন্য ৫০ জন প্রাবন্ধিকের প্রত্যেককে ২০,০০০/- (বিশ হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে।

- * বৃত্তিপ্রাপ্ত প্রত্যেক প্রাবন্ধিকের জন্য একজন প্রবন্ধ-তত্ত্বাবধায়ক ও একজন সম্পাদক (কপি এডিটর) নিযুক্ত থাকবেন।
- * বৃত্তিপ্রাপ্ত প্রাবন্ধিককে অনুমোদনের ৩ মাসের মধ্যে প্রবন্ধ চূড়ান্ত করতে হবে।

খ) এক বছর মেয়াদি গবেষণা-বৃত্তি

বিষয়ভিত্তিক গবেষণা সম্পাদনের জন্য ১০ জন গবেষককে প্রতি মাসে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা হারে প্রত্যেককে সর্বমোট ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা বৃত্তি প্রদান করা হবে।

- * বৃত্তিপ্রাপ্ত প্রত্যেক গবেষকের জন্য গবেষণাকালীন একজন গবেষণা-তত্ত্বাবধায়ক থাকবেন।
- * গবেষণা-বৃত্তিপ্রাপ্ত গবেষককে গবেষণাকালীন ১টি গবেষণা-প্রবন্ধ প্রকাশ করতে হবে।

শর্তাবলি

- * আবেদনকারীর যোগ্যতা, বয়স, লিঙ্গ ও গবেষণার বিষয় উন্মুক্ত।
- * প্রবন্ধ ও গবেষণা বাংলা ভাষায় প্রণয়ন করতে হবে।
- * সকল প্রকার সম্মানি থেকে বিধি মোতাবেক আয়কর কর্তন করা হবে।

আবেদন করার নিয়ম

- * গবেষণা-প্রবন্ধের ক্ষেত্রে আবেদনপত্রের সঙ্গে সার-সংক্ষেপ ও পদ্ধতির বিস্তারিত উল্লেখ থাকতে হবে।
- * এক বছর মেয়াদি গবেষণা-বৃত্তির ক্ষেত্রে বাংলা একাডেমির প্রদত্ত ছক অনুযায়ী (ওয়েবসাইটে প্রাপণীয়) আবেদন করতে হবে।
- * ইমেইল/ডাক/কুরিয়ার/সরাসরি আবেদনপত্রসহ প্রস্তাব জমা দেওয়া যাবে।

গবেষণা-প্রস্তাব জমাদানের শেষ তারিখ : ১৫ই ডিসেম্বর ২০২৪

ঠিকানা : উপপরিচালক, গবেষণা উপবিভাগ, বাংলা একাডেমি, ঢাকা ১০০০

ইমেইল : baresearchgrant@gmail.com



বাংলা একাডেমি

গবেষণা-প্রস্তাব ছক (গবেষণা-প্রস্তাব প্রণয়ন ছক)

১. গবেষণা শিরোনাম (Title of the Research) (স্পষ্ট এবং সুনির্দিষ্ট বা catchy হতে হবে)
২. ভূমিকা (Introduction)
৩. সমস্যার বিবরণ (Statement of the Problem)
৪. গবেষণার উদ্দেশ্য (Objectives of the Study) (সুস্পষ্টভাবে উপস্থাপন করতে হবে)
৫. অনুমিত সিদ্ধান্ত গঠন/গবেষণা প্রশ্ন (Formulation of Hypothesis/Research Questions)
৬. ধারণাগত কাঠামো বিনির্মাণ (Conceptual Framework) (গবেষণা শিরোনামে যে ধারণাগুলো ব্যবহার করা হবে তার স্পষ্ট সীমারেখা উল্লেখ করা অত্যাবশ্যিক)
৭. সাহিত্য পর্যালোচনা (Review of Literature)
৮. গবেষণার যৌক্তিকতা (Rationale of the Study)
৯. গবেষণার ক্ষেত্র (Scope of the Study)
১০. গবেষণা পদ্ধতি (Methods of the study) (গবেষণা উদ্দেশ্য পরিপূরণে বিস্তারিত ও সুনির্দিষ্টভাবে গবেষণার ধরন, নমুনা, নমুনায়ন পদ্ধতি ও কৌশল, তথ্য সংগ্রহের উৎস, তথ্য সংগ্রহের টুলস এবং বিশ্লেষণ প্রক্রিয়ায় ব্যবহৃত পদ্ধতি উল্লেখ করতে হবে)
১১. প্রত্যাশিত ফলাফল (Expected Output)
১২. সম্ভাব্য অধ্যায় কাঠামো (Tentative Chapterization)
১৩. গবেষণার মৌলিকত্ব সম্পর্কে ব্যাখ্যা (Explanation about the originality of the research)
১৪. কর্ম পরিকল্পনা ও সম্ভাব্য ব্যয় বিবরণী (Action Plan and Tentative Budget) যৌক্তিক কর্ম-পরিকল্পনা প্রশ্নপত্র উন্নয়ন, প্রি-টেস্ট, প্রশ্নপত্র চূড়ান্তকরণ, তথ্য সংগ্রহ, তথ্য সাজানো ও বিশ্লেষণ, ড্রাফট প্রণয়ন; কর্মশালায় উপস্থাপন ও ড্রাফট চূড়ান্তকরণ); ব্যয় বিবরণীতে ৪০% সম্মানি, ৫০% তথ্য সংগ্রহ-প্রাথমিক ড্রাফট প্রণয়ন পর্যন্ত এবং ১০% চূড়ান্ত ড্রাফট প্রণয়নে বিভাজন করতে হবে।
১৫. গ্রন্থপঞ্জি (Bibliography/References)